



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৮-২০১৯/২০৯৮

তারিখ: ১৩/০১/২০১৯

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন, কোটার মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও কোটার মেধা তালিকা ১৬ জানুয়ারি ২০১৯ তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী পূর্ববর্তী শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২০ জানুয়ারি ২০১৯ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের কোর্স পরিবর্তন হবে তাদের পরিবর্তিত কোর্সের ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ: উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সে ভর্তি বহাল থাকবে। ◆ কোর্স পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। ◆ কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না।	১৬/০১/২০১৯ থেকে ২১/০১/২০১৯
খ)	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণের তারিখ: প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ত নির্দিষ্ট ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Degree Pass Login ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে।	১৬/০১/২০১৯ থেকে ২১/০১/২০১৯
গ)	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকাসহ চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:	১৭/০১/২০১৯ থেকে ২২/০১/২০১৯
ঘ)	কলেজ কর্তৃক কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ:	১৭/০১/২০১৯ থেকে ২৩/০১/২০১৯
ঙ)	কলেজকে ভর্তিকৃত প্রার্থীদের রেজিস্ট্রেশন ফি [প্রার্থী প্রতি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] সোনালী সেবার মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে “রেজিস্ট্রেশন ফি” খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।	২৪/০১/২০১৯ থেকে ২৯/০১/২০১৯

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯২৯১০৬৮, ০২-৯২৯২০৮৪

ই-মেইল- deanug@nubd.info

তারিখ: ১৩/০১/২০১৯

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৮-২০১৯/২০৯৮

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

(মোহাম্মদ হোসেন)

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪